ঝিনাইদহে ১০ টাকা কেজি দরের চাউল বিতরন

৯ নং পোড়াহাটি ইউনিয়নের মধুপুরে ১০ টাকা কেজির চাউল বিতরন করছে ডিলার: মো: বসির উদ্দিন তিনি এই লকডাউনে সামাজিক দুরত্ব বজায় রেখে মাস্ক পরিধান করে চাউল বিতরন করছে যারা চাউল নিচ্ছে তারা যানাই এই করোনা ভাইরাস এর মধ্যে আমরা সুস্থ ও সঠিক ভাবে চাউল পেয়েছি এবং ডিলারঃমো:বসির উদ্দিন সঠিক ভাবে চাউল পরিবেশন করছে কি না তা পরিদর্শনে আসে জেলা খাদ্য অফিসার ও ৯ নং পোড়াহাটি ইউনিয়ন পরিষদের নায়েব তারা পরিদর্শন শেষে জানায় সঠিক ভাবে চাউল বিতরন হচ্ছে

ঝিনাইদহ মাহে রমজান উপলক্ষে ইমাম, খতিব ও মুয়াজ্জিনগণের সাথে মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের বিপ্লবী সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সুযোগ্য পৌর মেয়র জননেতা জনাব আলহাজ্ব সাইদুল করিম মিন্টু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতালের পরিচালক জনাব ডাঃ মোঃ মুন্সী রেজা সেকেন্দার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব এস এম শাহীন, ঝিনাইদহ ইসলামি ফাউন্ডেশনের উপ-পরিচালক জনাব মোঃ আব্দুল হামিদ খান।

মেহেরপুরে রমরমা ক্রিকেট জুয়া

মেহেরপুরে শহর ও গ্রামে সর্বত্রই চলছে রমরমা ক্রিকেট জুয়া। আগে কেবল শহর এলাকায় ক্রিকেট জুয়ার বাজি ধরতে দেখা গেলেও এখন তা মহামারির মতো প্রত্যন্ত গ্রাম পর্যন্ত ছড়িয়ে পড়েছে। এর সঙ্গে জড়িয়ে পড়ছে স্কুল, কলেজ পড়ুয়া যুবকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। এমনকি যারা নিরক্ষর তারাও বাজি ধরছেন আইপিএল, বিপিএল, টি-টয়েন্টি কিংবা যেকোনো ক্রিকেট খেলায়।

বর্তমানে চলছে ইন্ডিয়ান প্রিমিয়ার লীগ (আইপিএল), যা জুয়াড়ীদের ভরা মৌসুম। প্রতিদিন হাজার থেকে লাখ টাকা পর্যন্ত বাজি ধরছেন জুয়াড়ীরা। ক্রিকেট জুয়ার নেশায় পড়ে টাকা হারিয়ে অনেকেই এখন সর্বশান্ত। এই জুয়ার বাজি হয় মোবাইলে। তাই এই চক্রের সঙ্গে জড়িত সবাই এক প্রকার ধরা ছোঁয়ার বাইরে। খেলা শুরু হলেই টিভির সামনে দেখা যায় জুয়াড়ীদের আনাগোনা। তবে জুয়ার বিষয়টি সকলের নজরে আসায় জুয়ার সাথে সম্পৃক্ত ডিলার বা মিডিয়ারা বিভিন্ন মাধ্যম অবলম্বন করে বর্তমানে চালাচ্ছে জুয়ার আসর। খেলা শুরুর আগে ব্যস্ত হয়ে ওঠে মিডিয়া অপরপ্রান্তে জুয়াড়ীরা ব্যস্ত হয় কোন দলের কত রেট তা জানতে। এই জুয়া বা বেটিং সাধারণত দুই দলের হার-জিতের ওপর ধরা হয়। এই ক্ষেত্রে ভালো দল, যার জয়ের সুযোগ বেশি তার বাজির হার বড় আর অপেক্ষাকৃত দুর্বল দল ছোট ।

পদ্ধতিটি যেমন, মনে করুন পাকিস্তান-দক্ষিণ আফ্রিকা খেলা হচ্ছে। তখন পাকিস্তানের পক্ষে বাজি হলো ছোট এবং দক্ষিণ আফ্রিকার পক্ষে বড়। দক্ষিণ আফ্রিকা যেহেতু ভালো দল, তাই যে বাজি ধরবে সে ২০০০ দিলে ১০০০ টাকা পাবে। আর বাংলাদেশ যেহেতু দুর্বল দল তাই বাংলাদেশ জিতলে যে বাজি ধরবে সে ১০০০ দিলে ২০০০ পাবে। অর্থাৎ আপনি যদি অজিদের হয়ে বাজি ধরেন তবে আপনাকে কমপক্ষে ২০০০ টাকা দিয়ে বাজি ধরতে হবে। আর বাংলাদেশ ধরলে ১০০০ টাকা। যদিও এই বাজির টাকা প্রায়ই ওঠানামা করে। আবার খেলার ফলাফলের ওপর নির্ভর করে দল পাল্টিয়েও নেওয়া যায় কখনও কখনও । এই বাজির ক্ষেত্রে বেশিরভাগ জুয়াড়ী দুর্বল দলের হয়ে বাজি ধরে থাকে। কেননা এতে বিনিয়োগ কম থাকে আর লাভ বেশি। অনুসন্ধানে জানা গেছে প্রতি রাতে সারা শহরজুড়ে চলে লক্ষ লক্ষ টাকার জুয়া। ক্রিকেট জুয়ার পুরো ব্যবস্থায় থাকেন কয়েকজন বড় ডিলার বা মিডিয়া। তারা দুই পক্ষের লোকজনের কাছে মোবাইলে অর্ডায় নেয়। জুয়ায় বিজয়ীদের ঠিকমতো টাকাও পরিশোধ করে তারা। দুই পক্ষের কমিশনের উপরে চলে এসব ডিলার বা মিডিয়ারা। এসব

লক্ষ টাকার মালিক।

এছাড়াও জুয়াড়ীদের মধ্যে নামের অদ্যক্ষর দিয়ে রয়েছে হোটেল বাজার এলাকার ‘ল’, পুরাতন বাসষ্ট্যান্ড এলাকার ‘প্র’, ‘বি’, ‘লি’, ‘রি’, শেখ পাড়ার ‘রু’, হাই স্কুল পাড়ার ‘র’, হালদারপাড়ার ‘ও’, ঈদগাহ পাড়ার ‘ম’, মল্লিকপাড়ার রমেশ ক্লিনিক এলাকার ‘ই’, তাহের ক্লিনিক পাড়ার ‘শ’সহ যে কয়েকজন ডিলার বা মিডিয়া রয়েছে তাদের আটকানো না গেলে এই জুয়া বন্ধ হবে না।

জুয়ার নেশায় নগদ টাকা থেকে শুরু করে, বাড়ির আসবাবপত্র, পরিবারের সদস্যদের গহনা পর্যন্ত দিয়ে বাজি ধরছে অনেকেই। জুয়ার সঙ্গে জড়িতদের নিয়ে তাদের পরিবারের লোকজনও পড়েছেন বিপাকে। অশান্তি সৃষ্টি হচ্ছে পরিবারে। অনেকেই হয়েছে ঋণগ্রস্থ। এখন জুয়া এক সামাজিক মহামারি হিসেবে দেখা দিয়েছে। নব্য এই জুয়া বন্ধ করা না গেলে শত শত পরিবারকে এর কঠিন মূল্য দিতে হবে বলে মনে করছেন স্থানীয়রা।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান মেহেরপুর প্রতিদিনকে বলেন, আইপিএল শুরু হলেই এই চক্র বেশি সক্রিয় হয়ে উঠে। তাদের তথ্য প্রমাণসহ ধরাটাও বেশ জটিল। সুনির্দিষ্ট তথ্য পেলে আমরা অবশ্যই জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবো।

মুজিবনগরে ধানের বাম্পার ফলনের আশা

মুজিবনগরে সরকারী প্রণোদনা কৃষি অফিসের সহযোগীতা, আধুনিক প্রযুক্তি ও উচ্চফলনশীল বরোধান চাষের কারনে চলতি বছরে উপজেলায় বোরো ধানের বাম্পার ফলনের আশা চাষীদের।
মুজিবনগর উপজেলা একটি কৃষি নির্ভর উপজেলা সবজি ও সুখ সাগর পেয়াজ চাষের জন্য প্রসিদ্ধ হলে উপজেলার প্রায় ৪০শতাংশ জমিতে বরো ধান চাষ হয়।
মুজিবনগর কৃষি বিভাগের তথ্য মতে উপজেলায় মোট চাষ যোগ্য জমির

সাড়ে ৩ হাজার জমিতে উচ্চফলনশীল জাতের বরো ধানের আবাদ হয়েছে। গত ৪ তারিখের বিকেলে প্রাকৃতিক দুর্যোগে উপজেলা কিছু জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে।
তবে রোগ বালাইয়ের কারনে কোন জমির ধান ক্ষতিগ্রস্ত হয়নি এবং রোগ বালাই এর প্রকোপ খুব একটা দেখা যায়নি এ বছর।
তবে বি আর ২৮ ধানের রোগ বালাই বেশি কারণ ২৮ জাতের ধান অনেক পুরোনো হওয়ায় রোগপ্রতিরোধ ক্ষমতা কমে যাওয়ার কারনে এ ধানের ক্ষতির পরিমাণ বেশি তাই কৃ্ষি বিভাগ ২৮ ধানের চাষ বাদ দিয়ে উচ্চফলনশীল ব্রীধান ৮৯ ও ৫৮ চাষ করার জন্য পরামর্শ দিচ্ছে। উচ্চফলনশীল জাতের ধান একর প্রতি ৬০ থেকে ৯০ মন পর্যন্ত ফলন হয়। এবারের মৌসুমে রোগবালাই মাত্রা কম থাকা প্রাকৃতিক দুর্যোগ না থাকার কারনে উপজেলায় ১৯ হাজার ৯ শত ৮০ মেট্রিকটন ধান উৎপাদন হবে বলে আশার করছে কৃষি অফিস।

আলমডাঙ্গায় স্কুল ছাত্রীকে শ্লীনতাহানির অভিযোগ, আটক-১

আলমডাঙ্গায় ২শত টাকার প্রলোভন দেখিয়ে তৃতীয় শ্রেণীর স্কুল ছাত্রীকে জোরপূর্বক ভুট্টা ক্ষেতে নিয়ে শ্লীনতাহানি চেষ্টার অভিযোগ উঠেছে।
গতকাল সোমবার দুপুর ১ টার দিকে ভাংবাড়িয়া ইউনিয়নের নান্দবার গ্রামে এ ঘটনা ঘটে।
শ্লীনতাহানি চেষ্টার অভিযোগে খাইরুল (৪৫) নামের একজনকে আটক করে পুলিশ। এ ঘটনায় স্কুল ছাত্রীর মা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে।
জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের নান্দবার গ্রামের তৃতীয় শ্রেণীর স্কুল ছাত্রী দুপুরে মাঠে ছাগলের জন্য ঘাস কাটতে যায়।
এ সময় স্কুল ছাত্রীকে মাঠে একা পেয়ে নান্দবার গ্রামের মৃত নফল মন্ডলের ছেলে খাইরুল সুযোগ বুঝে কুপ্রস্তাব দেয়।
সে তার প্রস্তাবে রাজি না হওয়ায় স্কুল ছাত্রীকে জোরপূর্বক ২শত টাকা দিয়ে ভুট্টা ক্ষেতে অনৈতিক কাজের জন্য টেনে নিয়ে যায়। স্কুল

ছাত্রীর চিৎকারে মাঠের উপস্থিতি লোকজন ছুটে আসে।
লম্পট খাইরুল মাঠ দিয়ে দৌড়ে পালিয়ে যায়। স্কুল ছাত্রীর স্বীকারোক্তিতে এলাকাবাসী খাইরুলকে আটক করে। পরে, সাধারণ লোকজন গণধোলাই দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।
গতকাল সোমবার রাত ৯ টার দিকে স্কুল ছাত্রীর মা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন।
এ ঘটনায় আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমঙ্গীর কবির বলেন, স্কুল ছাত্রীর সাথে শ্লীনতাহানির অভিযোগে খাইরুল নামের এক ব্যাক্তিকে আটক করা হয়েছে। রাতেই স্কুল ছাত্রীর মা বাদি হয়ে মামলা দায়ের করেছে।

শৃঙ্খলা ভঙ্গের দায়ে অব্যাহতি

প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গের দায়ে মেহেরপুর প্রতিদিনের যুগ্ম সম্পাদক মো: আল-আমীন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক ও স্টাফ রিপোর্টার ফয়সাল আহমেদকে অব্যাহতি দেওয়া হয়েছে।
এ বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে উপরোক্ত তিন জনের সঙ্গে মেহেরপুর প্রতিদিনের সকল সম্পর্ক ছিন্ন হয়েছে। উপরোক্ত তিনজনের সাথে মেহেরপুর প্রতিদিন সম্পর্কিত সকল প্রকার সংবাদ, বিজ্ঞাপন আদান-প্রদানসহ আর্থিক (নগদ/চেক) লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
এ বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে তাদের সাথে কোন ধরণের আর্থিক কিংবা অন্যকোন লেনদেন কেউ বা কোন প্রতিষ্ঠান করে থাকলে তার দায়ভার মেহেরপুর প্রতিদিন নেবে না।

– সম্পাদক

মেহেরপুরে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আরো ৪ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১০৬ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৭৬ টি।
গতকাল সোমবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ১৪ টি। এর মধ্যে নতুন করে ৪ জন (সদরে-২, মুজিবনগরে- ২) করোনা রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ১২ টি।
এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৬২ (সদরে- ৩৩, গাংনীতে- ২১, মুজিবনগরে- ৮) জন।
এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৩২২ টি। মৃত্যু- ১৮ জন (সদর- ১০, গাংনী- ৬, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৩২ জন, ট্রান্সফার্ড- ৬৩ জন।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের বোষপাড়ার সাদিয়া ইসলাম (২৫), মুজিবনগর উপজেলার আনন্দবাসের জামাল উদ্দিন (৭০), লামিয়া খাতুন (০৭)।
সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

ঝিনাইদহে আরো এক নারি করোনায় মৃত্যু

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে লিলি খাতুন (৪৩) আরো নামে এক নারির মৃত্যু হয়েছে। এনিয়ে ইসলামিক ফাউন্ডেশনের দাফন কমিটি কারোনা উপসর্গ ও করোনা আক্রান্ত ৭১ জনের লাশ দাফন করলো।

লিলি খাতুন অসুস্থ হয়ে গত ৩০-০৩০২০২১ ইং তারিখ ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ওয়ার্ডে ভর্তি হয়। ০১ এপ্রিল তার করোনা ফলাফল পজিটিভ আসে। ১২ এপ্রিল সকাল ৭টা ৫০ মিনিটের দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। লিলি খাতুন ঝিনাইদহ পৌরসভা এলাকার পবহাটি গ্রামের রবিউল ইসলামের স্ত্রী।
এদিকে লিলি খাতুন করোনায় মৃত্যুর পর ঝিনাইদহ জেলা প্রশাসক মো: মজিবর রহমানের নির্দ্দেশে ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খানের সার্বিক তত্বাবধানে তার দাফন কাফন করার ব্যবস্থা করা হয়। এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করেন ঝিনাইদহ সদর উপজলো দাফন কমিটির সদস্য ও মসজিদ ভিত্তিকি শিশু ও গণশিক্ষা কেন্দ্রের শিক্ষক মাওঃ তাওহিদুল ইসলাম।

মেহেরপুরে টিসিবির পণ্য সামগ্রী বিক্রয়

মেহেরপুর সাঈদ আনোয়ার ট্রেডার্স এর উদ্যোগে টিসিবির পণ্য সামগ্রী বিক্রয় করা হয়েছে।
গতকাল রবিবার বিকাল থেকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কুঠিবাড়ি প্রাঙ্গণে টিসিবির পণ্য বিক্রয় করা হয়।
সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমদ চুন্নু টিসিবির পণ্য বিক্রির উদ্বোধন করেন।
১০০ টাকা কেজি দরে সোয়াবিন তেল, ৫৫ টাকা করে কেজি দরে ছোলা, ৫৫ টাকা কেজি দরে মসুর ডাল, ৫৫ টাকা কেজি দরে চিনি এবং ২০ টাকা কেজি দরে পেঁয়াজ স্বাস্থ্যবিধি মেনে ক্রেতা সাধারণ এ সকল পণ্য ক্রয় করেন।

গাংনী পৌর কাউন্সিলরদের নতুন চেম্বারের উদ্বোধন

মেহেরপুরের গাংনী পৌরসভার কাউন্সিলরদের নতুন চেম্বারের উদ্বোধন করা হয়েছে।
গতকাল রবিবার দুপুর ২টার দিকে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়েছে। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী পৌরসভার তিনবারের নির্বাচিত মেয়র আহম্মেদ আলী।
প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে চেম্বারের উদ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সংগ্রামী সাধারণ সম্পাদক এম এ খালেক।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।
এসময় উপস্থিত ছিলেন, পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরবৃন্দ, পৌরসভার কর্মকর্তা-কর্মচারীরা।